গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়
খুলনা বিভাগ, খুলনা।

স্মারক নং-৩৮.০১.৪০০০.০০০.২৭.০০৩.১৯- ২২৮৬/৪

তারিখঃ ২৭ কার্তিক - ১৪২৭ বঙ্গাব্দ।
১২ নভেম্বর - ২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), খুলনা বিভাগ। জানুয়ারী, ২০২১ - জুন, ২০২২ (২০২১-২০২২)শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে ভর্তি প্রসঙ্গে মূল পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), খুলনা বিভাগ। জানুয়ারী, ২০২১ - জুন, ২০২২ (২০২১-২০২২)শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে ভর্তি প্রসঙ্গে মূল পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), খুলনা বিভাগ। মূল পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। সংরক্ষণ নথি।

সংযুক্তঃ ০৩ (তিন) পাতা।

নাস 16/12/11/2020

(নাসরিন সুলতানা)
সহকারী পরিচালক
প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
বিভাগীয় উপ-পরিচালকের পক্ষে-
ফোন-০৪১-৭২১২১০।

12/11/2020

বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়
খুলনা বিভাগ, খুলনা। ৫৮৫৯
১১/১১/২০২০

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
ময়মনসিংহ।
www.nape.gov.bd

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০৫৮.২০১০-৭৩৭৮

তারিখ: ২৫ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
১০ নভেম্বর, ২০২০ খ্রি:

**বিষয়: জানুয়ারি, ২০২১ - জুন, ২০২২ (২০২১-২০২২) শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে ভর্তি প্রসঙ্গে।**

ডিপিএড পরিচালনা নীতিমালা-২০১৯, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ১৫/০৬/২০০৬ তারিখে স্বাক্ষরিত ভর্তি/ডেপুটেশন নীতিমালা এবং সি-ইন-এড বোর্ডের ২৩/১০/২০০৬ খ্রি: তারিখের সি-ইন-এড বোর্ড/পরী(৪)/০৬/ভর্তি-১০/৪৯৯২(১১৯) নং স্মারকে জারীকৃত ভর্তি নীতিমালা অনুসরণপূর্বক জানুয়ারি, ২০২১- জুন, ২০২২ শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে ভর্তি সম্পন্ন করার নিমিত্তে ৩০ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডেপুটেশন প্রদান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

২. যে সকল পিটিআই এর ক্যাচমেন্ট এরিয়া একাধিক জেলায় অবস্থিত সে সকল পিটিআই এর ডিপিএড কোর্সে শিক্ষক ডেপুটেশনের জন্য বিভাগীয় উপপরিচালকগণ সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণের সাথে আলোচনা করে ১৫ নভেম্বর, ২০২০ খ্রি: তারিখের মধ্যে জেলাভিত্তিক কোটা নির্ধারণ করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ২২ নভেম্বর, ২০২০ খ্রি: তারিখের মধ্যে তার জেলার উপজেলাভিত্তিক কোটা নির্ধারণ করে পত্র মারফত সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারগণকে অবহিত করবেন। উপজেলা শিক্ষা অফিসারগণ **৩০ নভেম্বর, ২০২০** খ্রি: তারিখের মধ্যে নীতিমালা অনুসরণপূর্বক ডিপিএড কোর্সে ভর্তির জন্য প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণবিহীন শিক্ষকগণকে ১ম এবং ২য় শিফ্ট (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করে ডেপুটেশন আদেশ প্রদান করবেন উক্ত আদেশের অনুলিপি মহাপরিচালক ও চেয়ারম্যান, ডিপিএড বোর্ড, নেপ, পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা, সংশ্লিষ্ট বিভাগ এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণকে অবহিত করবেন।

৩. কোন উপজেলায় কোটা পূরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পাওয়া না গেলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার তাৎক্ষণিকভাবে বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করবেন এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তার জেলাধীন অন্য উপজেলা থেকে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ডেপুটেশনের জন্য কোটা পুন:নির্ধারণ করবেন। কোন জেলায় অবস্থিত পিটিআই/পিটিআইসমূহে নির্ধারিত আসন অনুযায়ী প্রশিক্ষণার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পিটিআই সুপারিনটেনডেন্ট পার্শ্ববর্তী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচলকের সাথে আলোচনা করে নির্ধারিত কোটা পূরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

৪. ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষকগণকে ০১-২০ ডিসেম্বর, ২০২০ খ্রি: তারিখের মধ্যে অনলাইনে ফরম পূরণ করে ভর্তি হতে হবে। নেপ ওয়েবসাইটের হোম পেজ এ **'ডিপিএড' মেনুতে ক্লিক করলে কয়েকটি সাবমেনু পাওয়া যাবে অত:পর 'ডিপিএড ভর্তি ও নিবন্ধন' সাবমেনুতে ক্লিক করলে ভর্তি ফরম দৃশ্যমান হবে। উল্লেখ্য যে, ০১-২০ ডিসেম্বর, ২০২০ খ্রি. তারিখের পূর্বে বা পরে ভর্তি ফরম দৃশ্যমান হবে না।**

৫. **দেশের ৬৭ টি পিটিআই-এ ডিপিএড কার্যক্রমের জন্য প্রশিক্ষণার্থী ভর্তির নির্ধারিত আসন সংখ্যা এতদসংযুক্ত তালিকায় উল্লেখ করা হলো**

৬. অনলাইনে ভর্তির সময় শিক্ষকগণ শিফ্ট (1st Shift/ 2nd Shift) উল্লেখ করতে যেন ভুল না করেন সে ব্যাপারে সতর্কতা অবলম্বন করতে হবে ।

৭. **ডিপিএড কোর্সে ভর্তির জন্য মনোনয়নপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এইচ.এস.সি পাশ।**

৮. ডেপুটেশনপ্রাপ্ত প্রত্যেক শিক্ষক ভর্তির জন্য ২০০০/- (দুই হাজার) টাকা (পিটিআই এর বিভিন্ন ফি ১৪০০/-, রেজিস্ট্রেশন ফি ৩০০/-ও অনলাইন ফি ৩০০/-) শিওর ক্যাশের মাধ্যমে সংশ্লিষ্ট পিটিআই-এ জমা দিবেন। এক্ষেত্রে শিওরক্যাশ এজেন্ট চুক্তি মোতাবেক ১% অর্থাৎ ২০/- (বিশ) টাকা চার্জ নিবেন।

৯. ডিপিএড কোর্সে ভর্তির জন্য মনোনয়নপ্রাপ্ত প্রত্যেক শিক্ষক নিজ নিজ নির্ধারিত ক্যাচমেন্ট এরিয়ার (তালিকা সংযুক্ত) পিটিআই-এ নেপ এর ওয়েবসাইট www.nape.gov.bd এর মাধ্যমে অনলাইনে ভর্তি হবেন। **এক্ষেত্রে অনলাইনে ভর্তিকৃত শিক্ষককে ক্লাস শুরুর পূর্বে পিটিআইতে যাওয়ার প্রয়োজন নেই।**

১০. নেপ এর ওয়েবসাইট www.nape.gov.bd ব্রাউজ করার পর অনলাইন ডিপিএড মেনু **অত:পর 'ডিপিএড ভর্তি ও নিবন্ধন'** সাবমেনুতে ক্লিক করলে আবেদন ফরমটি (Admission Application Form) ওপেন হবে।

১১. **অনলাইন আবেদন ফরমের প্রথম অংশটি উপজেলা শিক্ষা অফিসার প্রদত্ত ডেপুটেশন আদেশের তথ্য দিয়ে অর্থাৎ ডেপুটেশন আদেশের স্মারক নং, তারিখ, আদেশে উল্লেখিত আবেদনকারীর ক্রমিক নং, যে পিটিআই এবং শিফটের জন্য ডেপুটেশন প্রদান করা হয়েছে সেই পিটিআই এর নাম এবং শিফট, জেলা, উপজেলা, পদবী ইত্যাদি তথ্য দিয়ে যথাযথভাবে পূরণ করতে হবে।**

১২. ফরমের ২য় অংশটি আবেদনকারীর ব্যক্তিগত তথ্য (নির্ভুল তথ্য) দিয়ে যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনকারীর একটি পাসপোর্ট সাইজের ছবি ফরমের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ফরমের সাথে একটি ব্যবহার বিধি (User Guide) যুক্ত থাকবে। **নামের বানানের ক্ষেত্রে এস.এস.সি পাশের সনদ অনুসরণ করতে হবে।**

১৩. অনলাইনে ভর্তির ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে জনাব দিলীপ কুমার সরকার, প্রোগ্রামার নেপ, ময়মনসিংহ (মোবাইল নম্বর: ০১৭১৮ ২৯ ৭১ ২১) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৪. প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য নিয়োগকৃত সহকারী শিক্ষকদের ডিপিএড কোর্সে ভর্তির জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে ডেপুটেশন প্রদান করা যাবে।

১৫. শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণ বিহীন শিক্ষকদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে ডিপিএড কোর্সে ভর্তির জন্য ডেপুটেশন প্রদান করা যাবে।

**১৬. চা-বাগান, শ্রমিক শিক্ষা ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত প্রশিক্ষণ বিহীন ন্যূনতম এইচ.এস.সি পাশ শিক্ষকগণ মৌলভীবাজার পিটিআই-এ সংরক্ষিত ১০টি আসনের বিপরীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে ভর্তি হতে পারবেন।**

১৭. কোন পিটিআইতে নির্ধারিত কোটা পুরণ না হলে পিটিআই সুপারিনটেনডেন্ট বিভাগীয় উপপরিচালককে অবহিত করে তাঁর নির্দেশনা অনুযায়ী পার্শ্ববর্তী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে যোগাযোগপূর্বক শূন্য আসন পূরণের ব্যবস্থা নিবেন।

১৮. নির্ধারিত ক্যাচমেন্ট এরিয়া অনুযায়ী শিক্ষার্থীগণ ডেপুটেশন প্রাপ্ত পিটিআই-এ ভর্তি হবেন এবং আন্তঃপিটিআই বদলীর কোন সুযোগ (Provision) থাকবেনা।

**১৯. আন্তঃপিটিআই বদলীর কোন সুযোগ না থাকায় প্রশিক্ষণার্থীগণকে ভর্তিকৃত পিটিআই-এ ১বছর (১ম-৩য় টার্ম) এবং নিজ বিদ্যালয়ে ৬ মাস ইন্টার্ণশীপ (৪র্থ টার্ম) সম্পন্ন করতে হবে।**

২০. ০১ জানুয়ারি ২০২১ খ্রিঃ তারিখ হতে ডিপিএড প্রশিক্ষণের ক্লাশ মুখোমুখি (face to face)/অনলাইনে শুরু হবে।

২১. ভর্তিকৃত শিক্ষকগণ ক্লাস শুরু না হওয়া পর্যন্ত স্ব স্ব বিদ্যালয়ে কর্মরত থাকবেন।

মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ০৯১-৬৬৩০৫

**জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)**
........................................................জেলা।

**সুপারিনটেনডেন্ট (সকল)**
.................................................... পিটিআই।

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০৫৮.২০১০-৯৬৩৯৬

তারিখ: ২৫ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
১০ নভেম্বর, ২০২০ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (ভর্তির কোটা পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৫. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপপরিচালক (প্রশিক্ষণ/পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৮. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ ময়মনসিংহ বিভাগ (আসন সংখ্যা অনুযায়ী পিটিআইসমূহে ভর্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৯. সহকারী পরিচালক (পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
১০. উপজেলা/থানা শিক্ষা অফিসার, .................. উপজেলা/থানা.......................... জেলা।
১১. সিইও, ক্রিয়েটিভ টেকনোলজি, ঢাকা।
১২. সংরক্ষণ নথি।

মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
ময়মনসিংহ

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.১১৮.২০১০- ৯৬৯৭

তারিখ ঃ ১০/১১/২০২০ খ্রিঃ।

**বিষয় ঃ ডিপিএড পিটিআইসমূহের ক্যাচমেন্ট এরিয়া নির্ধারণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রশিক্ষণ, ভর্তি ও প্রশাসনিক কাজের সুবিধার্থে দেশের ৬৭টি ডিপিএড পিটিআই এর "ক্যাচমেন্ট এরিয়া" নিম্নবর্ণিত তালিকা মোতাবেক নির্ধারণপূর্বক এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

| ক্রমিক | পি.টি.আই | ক্যাচমেন্ট এরিয়া |
|---|---|---|
| ১. | চট্টগ্রাম | চট্টগ্রাম জেলার হাটহাজারী, সন্দ্বীপ, সীতাকুন্ড, রাঙ্গুনিয়া, ফটিকছড়ি, রাউজান, কোতোয়ালী, বন্দর, ডবলমুরিং, পাহাড়তলী, পাঁচলাইশ, চানগাঁও উপজেলা |
| ২. | কক্সবাজার | কক্সবাজার জেলার সকল উপজেলা |
| ৩. | পটিয়া, চট্টগ্রাম | চট্টগ্রাম জেলার পটিয়া, আনোয়ারা, লোহাগড়া, সাতকানিয়া, বাঁশখালী, চন্দনাইশ ও বোয়ালখালী উপজেলা |
| ৪. | রাঙ্গামাটি | রাঙ্গামটি জেলার সকল উপজেলা |
| ৫. | খাগড়াছড়ি | খাগড়াছড়ি জেলার সকল উপজেলা |
| ৬. | বান্দরবান | বান্দরবান জেলার সকল উপজেলা |
| ৭. | কুমিল্লা | কুমিল্লা জেলার সকল উপজেলা |
| ৮. | আলীগঞ্জ, চাঁদপুর | চাঁদপুর জেলার সকল উপজেলা |
| ৯. | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল উপজেলা |
| ১০. | মাইজদী, নোয়াখালী | নোয়াখালী জেলার সকল উপজেলা |
| ১১. | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর জেলার সকল উপজেলা |
| ১২. | ফেনী | ফেনী জেলার সকল উপজেলা এবং চট্টগ্রাম জেলার মীরশ্বরাই উপজেলা |
| ১৩. | সিলেট | সিলেট জেলার সকল উপজেলা |
| ১৪. | হবিগঞ্জ | হবিগঞ্জ জেলার সকল উপজেলা |
| ১৫. | মোলভীবাজার | মোলভীবাজার জেলার সকল উপজেলা |
| ১৬. | সুনামগঞ্জ | সুনামগঞ্জ জেলার সকল উপজেলা |
| ১৭. | রাজশাহী | রাজশাহী জেলার বাঘমারা, মোহনপুর, পবা, পুঠিয়া, বাঘা, চারঘাট, দুর্গাপুর, বোয়ালিয়া উপজেলা |
| ১৮. | লালমনিরহাট | লালমনিরহাট জেলার সকল উপজেলা |
| ১৯. | নওগাঁ | নওগাঁ জেলার আত্রাই, বাদলগাছি, মান্দা, মহাদেবপুর, সদর, পত্নীতলা, রানীনগর, সাপাহার উপজেলা |
| ২০. | নাটোর | নাটোর জেলার সকল উপজেলা |
| ২১. | রংপুর | রংপুর জেলার সকল উপজেলা |
| ২২. | কুড়িগ্রাম | রৌমারী ও রাজীবপুর উপজেলা ব্যতীত কুড়িগ্রাম জেলার অন্যান্য উপজেলা |
| ২৩. | গাইবান্ধা | গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলা ব্যতীত সকল উপজেলা |
| ২৪. | নীলফামারী | নীলফামারী জেলার সকল উপজেলা |
| ২৫. | দিনাজপুর | দিনাজপুর জেলার বিরল, বিরামপুর, বীরগঞ্জ, বোচাগঞ্জ, চিরিরবন্দর, সদর, কাহারুল, খানসামা, নওয়াবগঞ্জ, পার্বতীপুর, ফুলবাড়ী উপজেলা |
| ২৬. | বগুড়া | বগুড়া জেলার সদর, শাজাহানপুর, আদমদিঘী, ধুনট, নন্দীগ্রাম, ধুপচাচিয়া, কাহালু ও শেরপুর উপজেলা |
| ২৭. | পাবনা | পাবনা জেলার সকল উপজেলা |
| ২৮. | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও জেলার সকল উপজেলা |
| ২৯. | পঞ্চগড় | পঞ্চগড় জেলার সকল উপজেলা |
| ৩০. | সোনাতলা, বগুড়া | বগুড়া জেলার- সোনাতলা, গাবতলী, সারিয়াকান্দি, শিবগঞ্জ ও গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলা |
| ৩১. | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ জেলার সকল উপজেলা |
| ৩২. | চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর, নাচোল, গোমস্তাপুর এবং রাজশাহী জেলার তানোর ও গোদাগাড়ী উপজেলা |
| ৩৩. | দাদনচক ফজলুল হক, চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ, ভোলাহাট উপজেলা এবং নওগাঁ জেলার পোরশা ও নিয়ামতপুর উপজেলা |
| ৩৪. | জয়পুরহাট | জয়পুরহাট জেলার সকল উপজেলা এবং নওগাঁ জেলার ধামুইরহাট এবং দিনাজপুর জেলার হাকিমপুর ও ঘোড়াঘাট উপজেলা |
| ৩৫. | খুলনা | খুলনা জেলার সকল উপজেলা |
| ৩৬. | সাতক্ষীরা | সাতক্ষীরা জেলার সকল উপজেলা |
| ৩৭. | বাগেরহাট | বাগেরহাট জেলার সকল উপজেলা |
| ৩৮. | যশোর | যশোর জেলার শার্শা ও বাঘারপাড়া ব্যতীত সকল উপজেলা |
| ৩৯. | ঝিনাইদহ | ঝিনাইদহ জেলার সকল উপজেলা |
| ৪০. | মাগুরা | মাগুরা জেলার সকল উপজেলা |
| ৪১. | নড়াইল | নড়াইল জেলার সকল উপজেলা এবং যশোর জেলার বাঘারপাড়া উপজেলা |
| ৪২. | কমলাপুর, চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা জেলার সকল উপজেলা |

| ক্রমিক | পি.টি.আই | ক্যাচমেন্ট এরিয়া |
|---|---|---|
| ৪৩. | মেহেরপুর | মেহেরপুর জেলার সকল উপজেলা এবং যশোর জেলার শার্শা উপজেলা |
| ৪৪. | কুষ্টিয়া | কুষ্টিয়া জেলার সকল উপজেলা |
| ৪৫. | সাগরদী | বরিশাল জেলার সকল উপজেলা |
| ৪৬. | ঝালকাঠি | ঝালকাঠি জেলার সকল উপজেলা |
| ৪৭. | পিরোজপুর | পিরোজপুর জেলার সকল উপজেলা |
| ৪৮. | পটুয়াখালী | পটুয়াখালী জেলার সকল উপজেলা |
| ৪৯. | ভোলা | ভোলা জেলার সকল উপজেলা |
| ৫০. | বরগুনা | বরগুনা জেলার সকল উপজেলা |
| ৫১. | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ জেলার সকল উপজেলা |
| ৫২. | মানিকগঞ্জ | মানিকগঞ্জ জেলার সকল উপজেলা ও ঢাকার ধামরাই |
| ৫৩. | নারায়নগঞ্জ | নারায়নগঞ্জ জেলার সকল উপজেলা এবং ঢাকা মহানগরীর ডেমরা, শ্যামপুর মতিঝিল, সবুজবাগ, সূত্রাপুর, দোহার, নবাবগঞ্জ, গেন্ডারীয়া, ~~শ্যামপুর~~, পাগলা, ফতুল্লা, যাত্রাবাড়ি, কামরাঙ্গীরচর |
| ৫৪. | শরীয়তপুর | শরীয়তপুর জেলার সকল উপজেলা |
| ৫৫. | গোপালগঞ্জ | গোপালগঞ্জ জেলার সকল উপজেলা |
| ৫৬. | টাঙ্গাইল | টাঙ্গাইল জেলার সকল উপজেলা |
| ৫৭. | রায়পুরা, নরসিংদী | নরসিংদী জেলার সকল উপজেলা |
| ৫৮. | জামালপুর | জামালপুর জেলার সকল উপজেলা এবং কুড়িগ্রাম জেলার রৌমারী ও রাজীবপুর উপজেলা |
| ৫৯. | শেরপুর | শেরপুর জেলার সকল উপজেলা |
| ৬০. | ময়মনসিংহ | ময়মনসিংহ জেলার ভালুকা ও গফরগাঁ ব্যতীত সকল উপজেলা |
| ৬১. | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ জেলার সকল উপজেলা |
| ৬২. | নেত্রকোনা | নেত্রকোনা জেলার সকল উপজেলা |
| ৬৩. | ফরিদপুর | ফরিদপুর জেলার সকল উপজেলা |
| ৬৪. | রাজবাড়ী | রাজবাড়ী জেলার সকল উপজেলা |
| ৬৫. | মাদারীপুর | মাদারীপুর জেলার সকল উপজেলা |
| ৬৬. | জয়দেবপুর | গাজীপুর জেলার সকল উপজেলা, ঢাকা মহানগরীর আজমপুর, বিমানবন্দর, তেজগাঁও, তুরাগ, উত্তরা, ভাটারা, বনানী, কাফরুল, ক্যান্টনমেন্ট, গুলশান এবং ময়মনসিংহ জেলার ভালুকা ও গফরগাঁ উপজেলা |
| ৬৭. | ঢাকা | ঢাকা জেলার ধামরাই, শ্যামপুর, ডেমরা ব্যতীত সকল উপজেলা এবং ঢাকা মহানগরীর আদাবর, বংশাল, চকবাজার, দারুসসালাম, ধানমন্ডি, হাজারীবাগ, কদমতলী, কলাবাগান, খিলগাঁও, খিলক্ষেত, কোতয়ালী, লালবাগ, মিরপুর, মোহম্মদপুর, নিউমার্কেট, পল্লবী, পান্থপথ, রমনা, রামপুরা, শাহবাগ, শেরেবাংলা নগর, শাহআলী, হাতিরঝিল, বাড্ডা |

২৩/১১/২০২০
মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন:০৯১-৬৬৩০৫

সুপারিনটেনডেন্ট (সকল)
................................ পিটিআই।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
.................................... জেলা।

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.১১৮.২০১০- ৯৩৯৭ তারিখ ঃ ১০/১১/২০২০ খ্রিঃ।

**সদয় অবগতি ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (ভর্তির কোটা পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. উপপরিচালক (প্রশিক্ষণ/পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৭. উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৮. সহকারী পরিচালক (পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯. উপজেলা/থানা শিক্ষা অফিসার, ............................উপজেলা/থানা...............................জেলা।
১০. সংরক্ষণ নথি।

২৩/১১/২০২০
মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

## পিটিআইভিত্তিক ডিপিএড শিক্ষার্থী ভর্তির আসন সংখ্যা
## ২০২১-২০২২ শিক্ষাবর্ষ

| ক্রমিক নং | পিটিআই এর নাম | প্রথম শিফ্‌ট | দ্বিতীয় শিফ্‌ট | মোট আসন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | মুন্সীগঞ্জ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ২. | মানিকগঞ্জ | ২০০ | ০০ | ২০০ | |
| ৩. | টাঙ্গাইল | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৪. | রায়পুরা | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৫. | ময়মনসিংহ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৬. | কিশোরগঞ্জ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৭. | নেত্রকোণা | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৮. | জামালপুর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৯. | শেরপুর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ১০. | ফরিদপুর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ১১. | মাদারীপুর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ১২. | *রাজবাড়ী | ১৫০ | ০০ | ১৫০ | |
| ১৩. | গোপালগঞ্জ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ১৪. | শরীয়তপুর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ১৫. | নারায়নগঞ্জ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ১৬. | জয়দেবপুর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ১৭. | ঢাকা | ২০০ | ২০০ | ৪০০ | |
| ১৮. | চট্টগ্রাম | ২০০ | ২০০ | ৪০০ | |
| ১৯. | পটিয়া | ২০০ | ২০০ | ৪০০ | |
| ২০. | *রাঙ্গামাটি | ১৮০ | ০০ | ১৮০ | |
| ২১. | *খাগড়াছড়ি | ১০০ | ০০ | ১০০ | |
| ২২. | *বান্দরবান | ১০০ | ০০ | ১০০ | |
| ২৩. | *লক্ষীপুর | ২০০ | ০০ | ২০০ | |
| ২৪. | *কক্সবাজার | ২০০ | ০০ | ২০০ | |
| ২৫. | কুমিল্লা | ২০০ | ২০০ | ৪০০ | |
| ২৬. | আলীগঞ্জ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ২৭. | মাইজদী | ২০০ | ২০০ | ৪০০ | |
| ২৮. | ব্রাহ্মণবাড়িয়া | ২০০ | ২০০ | ৪০০ | |
| ২৯. | ফেনী | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৩০. | সিলেট | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৩১. | হবিগঞ্জ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৩২. | মৌলভীবাজার | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৩৩. | সুনামগঞ্জ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৩৪. | *রাজশাহী | ১৫০ | ০০ | ১৫০ | |
| ৩৫. | নওগাঁ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৩৬. | *নাটোর | ২০০ | ০০ | ২০০ | |

E:\Mostofa\Admission Circular\Quata.docx

| ক্রমিক নং | পিটিআই এর নাম | প্রথম শিফট | দ্বিতীয় শিফট | মোট আসন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩৭. | বগুড়া | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৩৮. | পাবনা | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৩৯. | সিরাজগঞ্জ | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৪০. | *সোনাতলা | ২০০ | ০০ | ২০০ | |
| ৪১. | *জয়পুরহাট | ১০০ | ০০ | ১০০ | |
| ৪২. | *চাঁপাইনবাবগঞ্জ | ২০০ | ০০ | ২০০ | |
| ৪৩. | *দাদনচক | ১০০ | ০০ | ১০০ | |
| ৪৪. | রংপুর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৪৫. | কুড়িগ্রাম | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৪৬. | লালমনিরহাট | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৪৭. | গাইবান্ধা | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৪৮. | নীলফামারী | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৪৯. | ঠাকুরগাঁও | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৫০. | দিনাজপুর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৫১. | *পঞ্চগড় | ১৫০ | ০০ | ১৫০ | |
| ৫২. | খুলনা | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৫৩. | *সাতক্ষীরা | ২০০ | ০০ | ২০০ | |
| ৫৪. | বাগেরহাট | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৫৫. | *ঝিনাইদহ | ২০০ | ০০ | ২০০ | |
| ৫৬. | যশোর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৫৭. | *নড়াইল | ১৫০ | ০০ | ১৫০ | |
| ৫৮. | *মাগুরা | ১০০ | ০০ | ১০০ | |
| ৫৯. | *কুষ্টিয়া | ১৫০ | ০০ | ১৫০ | |
| ৬০. | *কমলাপুর | ১০০ | ০০ | ১০০ | |
| ৬১. | *মেহেরপুর | ১০০ | ০০ | ১০০ | |
| ৬২. | সাগরদী | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৬৩. | ঝালকাঠি | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৬৪. | পিরোজপুর | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৬৫. | পটুয়াখালী | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৬৬. | ভোলা | ২০০ | ২০০ | ৪০০ | |
| ৬৭. | বরগুনা | ২০০ | ২০০ | ৪০০ | |
| | | ১২৪৩০ | ৯২০০ | ২১৬৩০ | |

*চিহ্নিত পিটিআইগুলো ডিপিএড এক শিফট এবং অন্যান্য পিটিআইগুলো ডিপিএড ডাবল শিফট

*মোট ৪৬টি পিটিআই-এ ডাবল শিফট

E:\Mostofa\Admission Circular\Quata.docx

১০/১১/২০২০